গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্প।
https://edc.doict.gov.bd/

স্মারক নং- ৫৬.০৪.০০০০.১১২.৯৯.০০১.২৪/ ১১২৪

তারিখ- ২৮ কার্তিক, ১৪৩২
১৩ নভেম্বর, ২০২৫

**বিষয়: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "ডিজিটাল সংযোগস্থাপন" শীর্ষক (১ম সংশোধিত) প্রকল্পের আওতায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের অন্তর্ভুক্ত সরকারি প্রাথমিক বিদ্যালয়ে End User Connectivity প্রদান ও পরবর্তীতে সংশ্লিষ্ট ইন্টারনেট ব্যবহারকারী কর্তৃক ইন্টারনেট ব্যান্ডউইথের বিল পরিশোধের নিমিত্ত ত্রিপক্ষীয় চুক্তিপত্র (Tri-Partite Agreement) চুড়ান্তকরণ এবং স্বাক্ষর প্রসঙ্গে।**

সূত্র: ১। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের পত্রের স্মারক নং ৩৮.০১.০০০০.৯০০.১০.০০২.২৪-১২৩০, তারিখ ০৮ সেপ্টেম্বর, ২০২৫।
২। ইডিসি প্রকল্পের পত্রের স্মারক নং ৫৬.০৪.০০০০.১০৬.০৭.০৩৯.২২-৯৪০, তারিখ ১৩-১০-২০২৫।
৩। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের পত্রের স্মারক নং ৩৮.০১.০০০০.০০০.৯০০.১০.০০১.২৫-১৩০০, তারিখ ১২ নভেম্বর, ২০২৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের পত্রের প্রেক্ষিতে আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি)" শীর্ষক (১ম সংশোধিত) প্রকল্পের আওতায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের অন্তর্ভুক্ত সরকারি প্রাথমিক বিদ্যালয়ে End User Connectivity প্রদান কার্যক্রম চলমান রয়েছে। সূত্রোস্থ স্মারকের ১ নং এবং ২ নং পত্রের নির্দেশনা মোতাবেক ইডিসি প্রকল্পের আওতায় প্রদানকৃত End User Connectivity এর পরবর্তী কার্যক্রম পরিচালনার নিমিত্ত দরপত্রের শর্ত মোতাবেক আইএসপি প্রতিষ্ঠান কর্তৃক গ্রাহক পর্যায়ে নিরবচ্ছিন্ন ইন্টারনেট সেবা প্রদান এবং সংশ্লিষ্ট ইন্টারনেট ব্যবহারকারী কর্তৃক ইন্টারনেট ব্যান্ডউইথের বিল পরিশোধের নিমিত্ত ত্রিপক্ষীয় চুক্তিপত্র (Tri-Partite Agreement) স্বাক্ষরের কার্যক্রম চলমান রয়েছে।

০২। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সূত্রোস্থ স্মারকের ৩ নং পত্রের মাধ্যমে প্রকল্প দপ্তরকে অবহিত করে যে, "বিদ্যমান ত্রিপক্ষীয় খসড়া চুক্তিতে প্রাথমিক শিক্ষার পক্ষ হিসেবে উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কোন সংশ্লেষ না থাকায় চুক্তি পরবর্তীতে প্রশাসনিক জটিলতা হতে পারে বিধায় প্রাথমিক শিক্ষায় উপজেলা শিক্ষা অফিসার ও সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রতিষ্ঠান প্রধানকে অন্তর্ভুক্ত করা প্রয়োজন" মর্মে মতামত প্রদান করে এবং ত্রিপক্ষীয় চুক্তিপত্র (Tri-Partite Agreement) তে অন্তর্ভুক্তির মাধ্যমে চুক্তি সম্পাদনের অনুরোধ করা হয়েছে (সংলাগ-১)। প্রকল্প দপ্তর কর্তৃক পর্যালোচনান্তে সুপারিশের ভিত্তিতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন নিম্নরূপ;

<u>ত্রিপক্ষীয় চুক্তিপত্রের অনুচ্ছেদ - ৬ পয়েন্ট অফ কন্টাক্ট</u>

| ১ম পক্ষ (সেবা গ্রহণকারী) | | ২য় পক্ষ (সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের প্রতিনিধি) | ৩য় পক্ষ (আইসিটি অধিদপ্তরের প্রতিনিধি) |
|---|---|---|---|
| উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার | সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষক | ১। নাম: ................................<br>২। পদবী: ..............................<br>৩। মোবাইল নং: .......................<br>৪। ই-মেইল : .......................... | ১। নাম: ..........................<br>২। পদবী: . উপজেলা আইসিটি কর্মকর্তা/সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার<br>৩। মোবাইল নং: ..............<br>৪। ই-মেইল : .................. |
| ১। নাম: ..........................<br>২।পদবী: .........................<br>৩। মোবাইল নং: ................<br>৪। ই-মেইল : ..................... | ১। নাম: ..........................<br>২।পদবী: .........................<br>৩। মোবাইল নং: ................<br>৪। ই-মেইল : ..................... | | |

ত্রিপক্ষীয় চুক্তিপত্রে স্বাক্ষরকারীগণ

| ১ম পক্ষ (সেবা গ্রহণকারী) | | ২য় পক্ষ (সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের প্রতিনিধি) | ৩য় পক্ষ (আইসিটি অধিদপ্তরের প্রতিনিধি) |
|---|---|---|---|
| উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার | সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষক | ১। নাম: ..............................<br>২। পদবী: ............................ | ১। নাম: ........................<br>২। পদবী: . উপজেলা আইসিটি কর্মকর্তা/সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার |
| ১। নাম: .........................<br>২।পদবী: ........................ | ১। নাম: ..........................<br>২।পদবী: ........................ | | |

০২। বর্ণিতাবস্থায়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি)" শীর্ষক (১ম সংশোধিত) প্রকল্পের আওতায় প্রদানকৃত End User Connectivity এর পরবর্তী কার্যক্রম পরিচালনার নিমিত্ত দরপত্রের শর্ত মোতাবেক আইএসপি প্রতিষ্ঠান কর্তৃক গ্রাহক পর্যায়ে নিরবচ্ছিন্ন ইন্টারনেট সেবা প্রদান এবং সংশ্লিষ্ট ইন্টারনেট ব্যবহারকারী কর্তৃক ইন্টারনেট ব্যান্ডউইথের বিল পরিশোধের নিমিত্ত সংযুক্ত নমুনা কপি অনুসারে ত্রিপক্ষীয় চুক্তিপত্র (Tri-Partite Agreement) স্বাক্ষরের কার্যক্রম সম্পন্নকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: ১। বর্ণনামতে সংশোধিত ত্রিপক্ষীয় চুক্তি ৩ (তিন) ফর্দ।
২। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সংশোধিত প্রস্তাব ১ (এক) ফর্দ।

(তানজিনা ইসলাম)
প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)
ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্প।
মোবাইল: ০১৭১২৫৩৯১৫৫
e-mail: tangina15167@gmail.com

বিতরণ: অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

১। জেলা আইসিটি কর্মকর্তা, জেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কার্যালয়, জেলা---------------।
২। উপজেলা আইসিটি কর্মকর্তা/সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কার্যালয়, উপজেলা---------------, জেলা---------------।
৩। ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্পের আওতায় ৩৬টি প্যাকেজের জন্য নির্বাচিত ৩৬টি আইএসপি প্রতিষ্ঠান।

স্মারক নং- ৫৬.০৪.০০০০.১১২.৯৯.০০১.২৪./ ১১২৫

তারিখ: ২৮ কার্তিক, ১৪৩২ / ১৩ নভেম্বর, ২০২৫

অনুলিপি: সদয় অবগতির জন্য
১। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
২। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা।
৩। পরিচালক (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা।
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৬.১১.২০২৫
(তানজিনা ইসলাম)
প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)
ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্প।
মোবাইল: ০১৭১২৫৩৯১৫৫
e-mail: tangina15167@gmail.com

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.০০০.৯০০.১০.০০০১.২৫.১৩০০

তারিখ: ২৭ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
১২ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি)" শীর্ষক প্রকল্পের আওতায় ত্রিপক্ষীয় চুক্তির খসড়াপত্র সংশোধন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আওতায় ৬৫,৫৬৭টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ স্থাপনের নিমিত্ত তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সহিত ১৪ আগস্ট ২০২৫ তারিখে একটি সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়। উক্ত সমঝোতা স্মারক (MoU) এর ৩ নং অনুচ্ছেদ এর (খ) ধারা অনুসারে সকল সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সাথে একটি ত্রিপক্ষীয় চুক্তি করার নির্দেশনা রয়েছে। বিদ্যমান ত্রিপক্ষীয় খসড়া চুক্তিতে প্রাথমিক শিক্ষার পক্ষ হিসেবে উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কোন সংশ্লেষ না থাকায় চুক্তি পরবর্তীতে প্রশাসনিক জটিলতা হতে পারে বিধায় **প্রাথমিক শিক্ষায় উপজেলা শিক্ষা অফিসার ও সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রতিষ্ঠান প্রধানকে অন্তর্ভুক্তি করা প্রয়োজন।** অর্থাৎ দ্বিতীয় পক্ষে প্রাথমিক শিক্ষার অংশ হিসেবে চুক্তিতে ২জন অন্তর্ভুক্ত থাকবে।

২। এমতাবস্থায়, প্রাথমিক শিক্ষার পক্ষে সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রতিষ্ঠান প্রধানের সঙ্গে "উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার" কে অন্তর্ভুক্তি করে ত্রিপক্ষীয় চুক্তিটি সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি:
প্রস্তাবিত সংশোধিত চুক্তিপত্র ( Contact for School.docx)।

**সকল সংযুক্তিসমূহ:**
(১) Contact for School

১২-১১-২০২৫
মোহাম্মদ শহিদুল ইসলাম
পরিচালক (আইএমডি)
+৮৮০২৫৫০৭৪৯০৩
dirimd@dpe.gov.bd

প্রকল্প পরিচালক
ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি), বিজ্ঞান ও প্রযুক্তি কমপ্লেক্স, ৫ম তলা, আগারগাঁও, ঢাকা।